দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 25 2000 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

14

# অমর একুশে উপলক্ষে বাংলা একাডেমীর বক্তৃতা প্রতিযোগিতা

প্রেস বিজ্ঞপ্তি ঃ অমর একুশে ২০০০ উদ্‌যাপন উপলক্ষে বাংলা একাডেমী স্কুলের ছাত্রছাত্রীদের জন্য ক ও খ শাখায় নির্ধারিত বক্তৃতার আয়োজন করেছে। ক শাখা ঃ একুশের চেতনা (৭ম ও ৮ম শ্রেণীর জন্য)। খ শাখা ঃ ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (৯ম ও ১০ শ্রেণীর জন্য)। উপর্যুক্ত নির্ধারিত বিষয়ে বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছ থেকে পাঠ্যরত শ্রেণীর প্রত্যয়নপত্রসহ আবেদন করতে হবে। আগামী ২ ফেব্রুয়ারী থেকে ৫ ফেব্রুয়ারী (ছুটির দিন অফিস খোলা থাকবে) সকাল ৯টা ৩০ মিনিট থেকে বিকেল ৪টা ৩০ মিনিট পর্যন্ত বাংলা একাডেমী থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করে ৭ ফেব্রুয়ারী বিকেল ৩টা ৩০ মিনিটের মধ্যে জমা দিতে হবে। বাংলা একাডেমীর প্রেস ভবনের চারতলায় পত্রিকা উপ-বিভাগের কর্মকর্তার কাছ থেকে এ আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়া যাবে।